

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৩

নং-প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৪৩৬(২০১৭-১৮)/২০১৮-১৯/

তারিখঃ ০১.১১.২০১৮ ইং

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব বিধু ভূষন দাস, সহকারী-মহাব্যবস্থাপক(বাধ্যতামূলক অবসরপ্রাপ্ত), বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, নেত্রকোনা ইতিপূর্বে ময়মনসিংহ (উঃ) অঞ্চলাধীন বিকেবি, নান্দাইল শাখায়, ব্যবস্থাপক হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের দায়ে আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর অধীনে শৃংখলা সম্পর্কিত ৩৮ (ক), (খ) ও (ঘ) প্রবিধি মোতাবেক আপনাকে যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও অদক্ষতামূলক অপরাধের জন্য ০৩/১৭-১৮ নং বিভাগীয় শৃংখলাজনিত মামলা রুজু করিয়া অত্র বিভাগের ০৬.০৮.২০১৭ ইং তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৪৩৬/২০১৭-২০১৮/২৯৮ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলা প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু, কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষংগিক তথ্যাদি পর্যালোচনা পূর্বক আপনাকে গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহন করেন। উক্ত সিদ্ধান্ত মোতাবেক অত্র বিভাগের ২২-০৩-২০১৮ ইং তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৪৩৬/২০১৭-১৮/৩৪৯৩ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণার মাধ্যমে আপনাকে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারী করা হইয়াছিল। আপনি ০৩-০৬-২০১৮ ইং তারিখে উহার জবাব দাখিল করিয়াছিলেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনি জনাব বিধু ভূষন দাস আপনার দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও অদক্ষতামূলক অপরাধের দায়ে আপনাকে দোষী সাব্যস্ত করতঃ গুরু দণ্ড প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহন করেন;

০৪। এক্ষণে, সেহেতু, কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯(১)(খ)(আ) প্রবিধি অনুসারে আপনি জনাব বিধু ভূষন দাস আপনার প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হইতে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা এককালীন কর্তন করিয়া বিকেবি, নান্দাইল শাখার আয় খাতে জমা করিবার জন্য আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাব বিধু ভূষন দাস (বি-৫৪১)  
সহকারী-মহাব্যবস্থাপক(বাধ্যতামূলক অবসরপ্রাপ্ত)  
বাংলাদেশ কৃষি ব্যাংক  
আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়  
নেত্রকোনা।

স্বাক্ষরিত  
(মোঃ জহির ইকবাল)  
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৪৩৬(২০১৭-১৮)/২০১৮-১৯/

তারিখঃ ০১.১১.২০১৮ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :

- ০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর-৩, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষণাটি তাহার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হইল।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৪/কেন্দ্রীয় হিসাব বিভাগ-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্তৃপক্ষের উপরোক্ত রায়ের মর্মানুষায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ০৮। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, নেত্রকোনা।
- ০৯। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, নেত্রকোনা। এতদসংগে প্রেরিত মূল ঘোষণাটি জনাব বিধু ভূষন দাস এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
- ১০। ব্যবস্থাপক, বিকেবি, নান্দাইল শাখা, ময়মনসিংহ(উঃ)।
- ১১। নথি/ মহানথি / মূল নথি।

স্বাক্ষরিত  
০১/১১/২০১৮  
(মোঃ আব্দুর রউফ)  
সহকারী মহাব্যবস্থাপক